

# যুগান্তর

প্রিন্ট: ২৯ মার্চ ২০২৬, ১০:২১ এএম

শিক্ষাঙ্গন

## ২০ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষা শুরু আজ



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৭ মার্চ ২০২৬, ০৯:২০ এএম



ফাইল ছবি

আজ থেকে শুরু হচ্ছে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে গুচ্ছভুক্ত (জিএসটি) পদ্ধতিতে ২০টি সাধারণ এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় গুলোর স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা। আজ অনুষ্ঠিত হবে 'সি' ইউনিটের (ব্যবসায় শিক্ষা) ভর্তি পরীক্ষা। এবার এই ইউনিটে ভর্তি হতে আবেদন করেছেন ২৫ হাজার ২১৬ শিক্ষার্থী।

এ শিক্ষাবর্ষে বিশ্ববিদ্যালয় গুলোতে ভর্তি হতে দুই লাখ ৮৪ হাজার ৪৮০ ভর্তিচ্ছু আবেদন করেছেন। এর মধ্যে 'এ' (বিজ্ঞান) ইউনিটে এক লাখ ৬৬ হাজার ১৬২ জন, 'বি' (মানবিক) ইউনিটে ৯৩ হাজার ১০২ এবং 'সি' (ব্যবসায় শিক্ষা) ইউনিটে ২৫ হাজার ২১৬ শিক্ষার্থী আবেদন করেছেন। এবার গুচ্ছের ২০টি বিশ্ববিদ্যালয়ে সর্বমোট আসন প্রায় সাড়ে ১৩ হাজার। বরাবরের মতো এবারও এমসিকিউ পদ্ধতিতেই গুচ্ছের ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে।

এদিন বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত ১ ঘণ্টা দেশের ২১টি কেন্দ্রে ১০০ নম্বরের এমসিকিউ পদ্ধতিতে পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবার ভর্তি পরীক্ষায় ন্যূনতম পাস নম্বর ৩০। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে। এ ছাড়া শিক্ষার্থীদের জন্য সেকেন্ড টাইম আবেদনের সুযোগ রাখা হয়েছে।

জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়সমূহের ভর্তি পরীক্ষার কোর কমিটির (২০২৫-২৬) সচিব ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মনজুরুল হক বলেন, গুচ্ছের ভর্তি পরীক্ষা উপলক্ষে আয়োজক কমিটি বা দায়িত্বশীল বিশ্ববিদ্যালয় হিসেবে আমাদের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন হয়েছে। আজ প্রশ্নপত্র প্রতিটি বিশ্ববিদ্যালয়ে পাঠিয়ে দেওয়া হয়েছে।

তিনি বলেন, আগামীকাল যথানিয়মে পরীক্ষা নেওয়ার পর উত্তরপত্র গুলো নিরাপদে চলে আসবে। টেকনিক্যাল কমিটি এবং সংশ্লিষ্ট উপাচার্যরা এসে উত্তরপত্র মূল্যায়ন ও ফলাফল প্রস্তুত করবেন। সি-ইউনিটের পাশাপাশি এ-ইউনিটের প্রস্তুতিও চলছে।

ভর্তি পরীক্ষা উপলক্ষে প্রতিটি বিশ্ববিদ্যালয়ে দূরদূরান্ত থেকে আসা ভর্তিচ্ছু শিক্ষার্থী ও অভিভাবকদের জন্য নানা সেবার ব্যবস্থা করেছে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এবং বিভিন্ন সামাজিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক ছাত্র সংগঠন সমূহ। প্রায় প্রতিটি বিশ্ববিদ্যালয়েই শিক্ষার্থীদের

সুবিধার্থে হেল্প ডেস্ক স্থাপন করা হয়েছে। এছাড়া অভিভাবকদের জন্য থাকছে হাল্কা নাস্তা ও বিশ্রামের ব্যবস্থা।

অসুস্থতাজনিত কারণে সেবা দিতে প্রস্তুত থাকবে মেডিকেল টিম। এছাড়াও সার্বিক নিয়মশৃঙ্খলা রক্ষায় স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের প্রক্টরিয়াল বডি'র পাশাপাশি নিয়োজিত থাকবে বিএনসিসি, রোভার স্কাউট সহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা।

এর আগে গত ৭ ডিসেম্বর গুচ্ছের ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। বিজ্ঞপ্তি অনুযায়ী, গত ১০ ডিসেম্বর থেকে আবেদন প্রক্রিয়া শুরু হয়, যা চলে ১৬ জানুয়ারি পর্যন্ত।

ভর্তি বিজ্ঞপ্তির তথ্য অনুযায়ী, ২০২১, ২০২২ ও ২০২৩ সালের এসএসসি বা সমমান এবং ২০২৪ ও ২০২৫ সালের এইচএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা এবার আবেদন করতে পারেন।

গুচ্ছ কমিটি ও ইউজিসির সিদ্ধান্ত অনুযায়ী, ২৭ মার্চ মার্চ 'সি' ইউনিটের ভর্তি পরীক্ষার মধ্যে দিয়ে গুচ্ছের ভর্তি পরীক্ষা শুরু হবে। এরপর, ৩ এপ্রিল 'বি' (মানবিক) ইউনিট এবং ১০ এপ্রিল 'এ' (বিজ্ঞান) ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

জিএসটি গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়গুলো হলো: ১. ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া ২. মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, টাঙ্গাইল ৩. পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পটুয়াখালী ৪. নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, নোয়াখালী ৫. জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ ৬. যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর ৭. পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, পাবনা ৮. বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর ৯. গোপালগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জ ১০. বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল ১১. রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, রাঙ্গামাটি ১২. রবীন্দ্র বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, সিরাজগঞ্জ ১৩. ইউনিভার্সিটি অব ফ্রান্সিস্কার টেকনোলজি, বাংলাদেশ, গাজীপুর ১৪. নেত্রকোণা বিশ্ববিদ্যালয়, নেত্রকোণা ১৫. জামালপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, জামালপুর

১৬. চাঁদপুর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চাঁদপুর ১৭. কিশোরগঞ্জ বিশ্ববিদ্যালয়, কিশোরগঞ্জ  
১৮. সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সুনামগঞ্জ, ১৯. পিরোজপুর বিজ্ঞান ও প্রযুক্তি  
বিশ্ববিদ্যালয়, পিরোজপুর, ২০. নওগাঁ বিশ্ববিদ্যালয়, নওগাঁ।